

নির্বাচন কমিশন

বাংলাদেশ

নির্বাচন কমিশন সচিবালয়
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
www.ec.org.bd

ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমের সার-সংক্ষেপ

তারিখঃ ০১ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিঃ

২০১৫ সালের ০১ জানুয়ারি পর্যন্ত যাদের বয়স ১৮ বছর পূর্ণ হবে তাদের হিসাব ধরে প্রাক্কলিত ৪৬ লক্ষ ভোটারের নিবন্ধন (বিদ্যমান ভোটারের ৫%) পরিকল্পনা নিয়ে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম হাতে নেয়া হয়। বিগত ১৫ মে, ২০১৪ থেকে মাঠ পর্যায়ের ভোটার তালিকা হালনাগাদের লক্ষ্যে তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু করা হয়। মোট ১৫০ টি টিম নিয়ে নিবন্ধন কার্যক্রম শুরু করে ১৫ নভেম্বর ২০১৪ তারিখে নিবন্ধন কার্যক্রম শেষ করা হয়। উল্লেখ্য যে, ভোটার তালিকার জন্য ভোটারের ছবি, আঙ্গুলের ছাপ এবং অন্যান্য তথ্য সংগ্রহ করে ডাটাবেজে অন্তর্ভুক্ত করা হয়। এতে বাংলাদেশে একই ভোটার দ্বিতীয় বার নিবন্ধন করলে স্বয়ংক্রিয় আঙ্গুলের ছাপ পরীক্ষার (AFIS) মাধ্যমে তা শনাক্ত হয়।

হালনাগাদ কার্যক্রম পূর্ব তথ্যঃ


- ☐ হালনাগাদ পূর্ব বিদ্যমান মোট ভোটার সংখ্যা : ৯,১৯,৮০,৫৩১ (পুরুষ ৪,৬১,৩৫,৯৬৫ + মহিলা ৪,৫৮,৪৪,৫৬৬)
(হালনাগাদ-২০১৪ এর ডাটা আপলোড পূর্ব পর্যন্ত)
- ☐ হালনাগাদ পূর্ব বিদ্যমান ভোটারে পুরুষ ও মহিলার অনুপাত : ৫০.১৬ : ৪৯.৮৪

হালনাগাদ কার্যক্রম-২০১৪ এর মাধ্যমে অর্জনঃ

- ☐ হালনাগাদ-২০১৪ এর মাধ্যমে ভোটার নিবন্ধন পরিকল্পনা : প্রায় ৪৬ লক্ষ ভোটার (বিদ্যমান ভোটারের ৫%)
- ☐ হালনাগাদ-২০১৪ এর মাধ্যমে প্রাপ্ত নতুন ভোটারের আবেদন : ৫১ লক্ষ ৫ হাজার ৭১১ জন (বিদ্যমান ভোটারের ৫.৫৫%)
- ☐ হালনাগাদ-২০১৪ তে নিবন্ধিত ব্যক্তিদের সংখ্যা : ৪৭ লক্ষ ৫১ হাজার ৯৫৩ (বিদ্যমান ভোটারের ৫.১৬%)
- ☐ হালনাগাদ-২০১৪ তে ছবি তুলতে না আসা ব্যক্তিদের সংখ্যা : ৩ লক্ষ ৫৩ হাজার ৭৫৮ জন (ফরম পূরণকৃত ব্যক্তির ৬.৯৩%)
- ☐ হালনাগাদ কার্যক্রমে মৃত ভোটার কর্তন করা হয়েছে : ৪ লক্ষ ৭৭ হাজার ৫২৯ জন যা বিদ্যমান ভোটারের (০.৫২%)
- ☐ হালনাগাদ কার্যক্রমে ভোটার স্থানান্তর করা হয়েছে : ৪ লক্ষ ৮ হাজার ১৮৫ জন যা বিদ্যমান ভোটারের ভোটারের (০.৪৪%)
- ☐ হালনাগাদ কার্যক্রমে দ্বৈত নিবন্ধন সনাক্তকৃত সংখ্যা : ১ লক্ষ ৯ হাজার ৫০০ জন যা বিদ্যমান ভোটারের ভোটারের (০.১২%)
- ☐ হালনাগাদ কার্যক্রমে প্রাপ্ত নতুন ভোটার (সংশোধনকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত ডাটা সহ) : ৪৬,৯৫,৬৫০ জন ভোটার (বিদ্যমান ভোটারের ৫.১০%)
(পুরুষ ২৬,২৯,৫০৬ জন এবং মহিলা ২০,৬৬,১৪৪ জন)
- ☐ হালনাগাদ কার্যক্রমে প্রাপ্ত নতুন ভোটারে পুরুষ মহিলার অনুপাত : ৫৬ : ৪৪

হালনাগাদ কার্যক্রম-২০১৪ সমাপনান্তে বর্তমান ভোটার সংক্রান্ত তথ্যঃ

- ☐ হালনাগাদ কার্যক্রম শেষে বর্তমানে মোট ভোটার : ৯,৬১,৯৮,৬৫২ জন ভোটার
(পুরুষ ৪,৮৪,৫১,৬৪২ জন ও মহিলা ৪,৭৭,৪৭,০১০ জন)
- ☐ বর্তমানে বিদ্যমান ভোটারে পুরুষ ও মহিলার অনুপাত : ৫০.৩৭ : ৪৯.৬৩


মোহাম্মদ জাফর আলিম
সহকারী পরিচালক
জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ
ফোনঃ ০২-৮১৮১৬৬৫
E-mail: j_alam777@yahoo.com